

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩০৩০  
আগরতলা, ১২ মার্চ, ২০২৫

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে আসা  
পীড়িতদের সমস্যা সমাধান মুখ্যমন্ত্রীর



মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ৩৯তম পর্বে আজও মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা জনগণের সাথে সাক্ষাৎকারে মিলিত হন। মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে আয়োজিত সাপ্তাহিক এই কর্মসূচিতে সাধারণ মানুষ চিকিৎসা, কর্মসংস্থান, জমি সহ বিভিন্ন সমস্যা নিয়ে মুখ্যমন্ত্রীর সাথে খোলামেলা আলোচনা করেন। প্রত্যেকে মুখ্যমন্ত্রীর কাছ থেকে সমস্যা সমাধানের পথ খুঁজে পেয়ে আশ্বস্ত হন। কৈলাসহরের ফুলতলীর কোয়েল সিনহা বর্তমানে মুম্বাই টাটা মেমোরিয়াল হাসপাতালে চিকিৎসাধীন। চিকিৎসকরা তার অস্থি মজ্জা (বোনম্যারো) প্রতিস্থাপনের পরামর্শ দিয়েছেন, যা অত্যন্ত ব্যয়বহুল। কোয়েলের বাবা টিএসআর জওয়ান। কোয়েলের চিকিৎসার জন্য মুখ্যমন্ত্রীর সাহায্য চাইলে তিনি চিকিৎসায় প্রয়োজনীয় সহায়তার আশ্বাস দেন। আগরতলা এডি নগরের বিপ্লব দাস তার স্ত্রীর থ্যালাসেমিয়া রোগের চিকিৎসার জন্য সাহায্যের আবেদন জানালে মুখ্যমন্ত্রী তার স্ত্রীর চিকিৎসায় সহায়তার পাশাপাশি তপশিলি জাতি কল্যাণ দপ্তর থেকে আর্থিক সহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্দেশ দেন। আমতলির পাল পাড়ার রণবীর আচার্য তার মেয়ের চিকিৎসায় মুখ্যমন্ত্রীর সাহায্য চাইলে মুখ্যমন্ত্রী সাথে সাথেই জিবি হাসপাতালের মেডিক্যাল সুপারের সাথে কথা বলেন এবং মেয়ের চিকিৎসার বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে দক্ষিণ জয়নগরের বাসিন্দা বিষুপিয়া সূত্রধর মুখ্যমন্ত্রীর কাছে আর্থিক সাহায্যের জন্য আবেদন জানান। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে তার মেয়েকে ভাতা প্রদানের জন্য মুখ্যমন্ত্রী নির্দেশ দেন।

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে আজ বড়দোয়ালীর পার্থ প্রতিম রায়, কিল্লার পশ্চিম খুপিলং-এর বাবুলাল দেবনাথ, আগরতলা জয়নগরের সাথী রাণী পাল, কৃষ্ণনগরের প্রিয়াঙ্কা ভট্টাচার্য্য, কুমারঘাটের সুকান্ত পল্লীর কাবেরি দেব সহ আরও অনেকেই চিকিৎসার সাহায্যের জন্য মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানান। মুখ্যমন্ত্রী তাদের চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র দেখে জিবি এবং অটল বিহারী বাজপেয়ী আঞ্চলিক ক্যান্সার হাসপাতালের সুপারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। আজ মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে মুখ্যমন্ত্রীর সচিব ড. পি কে চক্রবর্তী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তাপস রায়, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার, জিবি হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. শঙ্কর চক্রবর্তী, অটল বিহারী বাজপেয়ী আঞ্চলিক ক্যান্সার হাসপাতালের মেডিক্যাল সুপার এস দেববর্মা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*